



তফসিলের পর জোটের সিদ্ধান্ত, সব আসনে লড়বে গণঅধিকার পরিষদ: নুর



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে নিজস্ব পথে এগিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে গণঅধিকার পরিষদ। দলটির সভাপতি নুরুল হক নুর জানিয়েছেন, এখনো পর্যন্ত কোনো রাজনৈতিক দলের সঙ্গে জোটে যাওয়ার সিদ্ধান্ত নেয়নি তারা। তাঁর ভাষায়, দেশের সামগ্রিক রাজনীতি ও নির্বাচনী পরিস্থিতি বিশ্লেষণ করে তফসিল ঘোষণার পর চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

রোববার (৯ নভেম্বর) বিকেলে গাইবান্ধার সাদুল্লাপুরে এক জনসভায় তিনি বলেন, “আমরা এমন একটি বাংলাদেশ চাই যেখানে থাকবে না চাঁদাবাজি, দখলবাজি কিংবা ভয়ের রাজনীতি। জনগণের মুক্তিই আমাদের লক্ষ্য।” তিনি আরও যোগ করেন, “যারা ফ্যাসিবাদের বিরুদ্ধে বছরের পর বছর রাস্তায় ছিল, আগামী দিনের নেতৃত্বও তাদেরই হাতে দিতে হবে। ছাত্র-জনতার ঐক্যই নতুন বাংলাদেশের ভিত্তি স্থাপন করবে।”

গণভোট প্রসঙ্গে নুর বলেন, “ডিসেম্বরে নির্বাচনের তফসিল ঘোষণার সম্ভাবনা থাকায় তার আগে গণভোটের সুযোগ নেই। আমরা চাই নির্বাচনের দিনেই গণভোট অনুষ্ঠিত হোক, যাতে জুলাই সনদ জনগণের অনুমোদন ও আইনি বৈধতা পায়।”

উত্তরাঞ্চলের উন্নয়ন পরিকল্পনা তুলে ধরে তিনি বলেন, সুযোগ পেলে গাইবান্ধায় কৃষি বিশ্ববিদ্যালয় ও আধুনিক হাসপাতাল গড়ে তোলা হবে। বালাসিঘাটে টানেল নির্মাণ, রংপুর সুগার মিল ও বন্ধ পাটকল পুনরায় চালু করা, কৃষি ও যোগাযোগ খাতের সংস্কার এবং শিক্ষাব্যবস্থায় গুণগত পরিবর্তন আনার অঙ্গীকারও করেন তিনি।

নুরুল হক নুরের ভাষায়, “দেশের প্রকৃত উন্নয়ন তখনই সম্ভব, যখন রাজনীতি হবে নৈতিকতার ভিত্তিতে, আর নেতৃত্ব আসবে মানুষের ভেতর থেকে।”